বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

ক্রেডিট বিভাগ-১

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ২১/২০১৮ তারিখঃ ২৬/০৮/২০১৮ খ্রীঃ

বিষয়ঃ পরিদর্শকদের ঋণ সুপারিশ করার ক্ষমতা বৃদ্ধি প্রসঙ্গে

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগ হতে জারীকৃত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৫/২০০৮ তারিখ ২৬/০৫/২০০৮ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উল্লেখিত পরিপত্রের মাধ্যমে মেয়াদী/চলতি মূলধন ঋণের ক্ষেত্রে পরিদর্শকদের ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পর্যন্ত ঋণ সুপারিশ করার ক্ষমতা দেয়া আছে যা, বর্তমান বাস্তবতার আলোকে অপ্রতুল। কারণ বর্তমানে ঋণের বিভিন্ন খাতের উৎপাদনের মূল্য অনেকগুন বৃদ্ধি পাওয়ার পাশাপাশি ঋণের নর্মস ও চাহিদা বেড়ে গেছে। এ বিষয়টি বিবেচনা করে মাঠ পর্যায়ের সুপারিশের প্রেক্ষিতে মাঠ পরিদর্শকদের সুপারিশ ক্ষমতা বৃদ্ধির বিষয়ে ব্যাংকের পরিচালনা পর্ষদের ১৯/০৮/২০১৮ তারিখে অনুষ্ঠিত ৭১৬তম সভায় একটি কার্যপত্র উপস্থাপন করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিদর্শকদের ঋণ সুপারিশ করার ক্ষমতা সংক্রান্ত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৩/২০০১ তারিখ ০৪/০৩/২০০১ ও পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৫/২০০৮ তারিখ ২৬/০৫/২০০৮ বাতিল করে নিম্নোক্তভাবে বৃদ্ধি ও পরিবর্তন করে অনুমোদন করা হয়ঃ

> "মেয়াদী/চলতি মূলধন ঋণসহ অন্যান্য অনুমোদিত খাতে ঋণ প্রদানের ক্ষেত্রে পরিদর্শকগণের ঋণ সুপারিশ করার ক্ষমতা ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা হতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা পর্যন্ত বর্ধিত করা হলো। তবে ট্রাক্টর, পাওয়ার টিলার ও সেচ যন্ত্রপাতির ক্ষেত্রে ডাউন পেমেন্ট ব্যতীত প্রতিটি সেটের প্রকৃত মূল্য পর্যন্ত মূল্যায়ন/সুপারিশ করা যাবে।"

০৩। শাখা ব্যবস্থাপক কর্তৃক নিবিড় তদারকীর মাধ্যমে পরিদর্শকদের উল্লেখিত ক্ষমতার বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

অনুমোদনক্রমে-

২৬/০৮/১৮

(মোঃ শহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
ফোনঃ ৯৫৫৪১৬৯

নং-প্রকা/ক্রেঃবিঃ-১/৩(৭)/২০১৮-১৯/১৩৮(১২৫০) তারিখঃ - ঐ -

*সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ*

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি ট্রেনিং ইনস্টিটিউট, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
১১। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি / মহানথি।

২৬.০৮.১৮

(মনির উদ্দিন)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫০৪০৩